# AKASHVANI KOLKATA
## Regional News Unit

**Date: 12.06.2026** **Desk in Charge: K.L.**
**Time: 7-50 PM** **Edit. & Compile.:-- DSS**
**DEO: KB** **NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, পশ্চিমবঙ্গকে নতুন করে পুনর্নির্মাণের সংকল্প নিয়েছেন বলে তাঁর সরকারের ১২বছর পূর্তি উপলক্ষে এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

২/ রাজ্যে সীমান্ত এলাকায়, BSF-কে জমি হস্তান্তর ও কাঁটাতারের বেড়া দেওয়ার কাজ শুরু হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। # টাটা গোষ্ঠীকে'ও রাজ্যে পুনরায় ফিরিয়ে আনার আশ্বাস দিয়েছেন তিনি।

৩/ উত্তরবঙ্গের গ্রামীণ উন্নয়ন, পঞ্চায়েত পরিকাঠামো এবং পাহাড়ি এলাকার প্রশাসনিক ব্যবস্থাকে শক্তিশালী করতে, একগুচ্ছ গুরুত্বপূর্ণ ঘোষণা করেছেন পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ ।

৪/ বিধানসভা নির্বাচনের আগে উস্কানিমূলক বক্তব্যের অভিযোগে, প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে হেয়ার স্টিট থানায় অভিযোগ দায়ের হয়েছে। এদিকে, CID-র আধিকারিকরা আজ আবারো অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে ।

৫/ পশ্চিমবঙ্গ দিবসের অনুষ্ঠানে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কুড়ি তারিখ রাজ্যে আসছেন।

৬/ মুর্শিদাবাদের বেলডাঙার ঘটনায় NIA-কে হস্তান্তরের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়া মামলা বর্তমান সরকার তা' প্রত্যাহার করে নিয়েছে।

৭/ রাজ্যের অধিকাংশ এলাকায় আজ দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশ করেছে।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, পশ্চিমবঙ্গকে নতুন করে পুনর্নির্মাণের সংকল্প নিয়েছেন বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী  মন্তব্য করেছেন। নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকারের ১২বছর পূর্তি উপলক্ষে এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে ডবল ইঞ্জিন সরকার তৈরি হয়েছে। প্রধানমন্ত্রীর নেতৃত্বে অন্যান্য রাজ্যের মত পশ্চিমবঙ্গ'ও কেন্দ্রের সব উন্নয়নমূলক প্রকল্পের অন্তর্ভুক্ত হয়েছে। আগামী মাসের শুরু থেকে রাজ্যে 'বিকশিত ভারত জী রাম জী' প্রকল্প শুরু হচ্ছে। কেন্দ্র এবাবদ রাজ্যকে আগামী অর্থবর্ষের জন্য ৮ হাজার ৫০০ কোটি টাকা দিচ্ছে।

মুখ্যমন্ত্রী  জানান, অতীতের সব রেকর্ড ভেঙে দিয়ে বর্তমান প্রধানমন্ত্রী নতুন রেকর্ড গড়ে তুলেছেন এবং ভারতকে পুনর্নির্মাণে অগ্রণী ভূমিকা পালন করেছেন।  প্রধানমন্ত্রী নয়, তিনি প্রধান জনসেবক হিসেবে দেশের জন্য কাজ করে চলেছেন।

কেন্দ্রে NDA সরকারের ১২বছরের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের খতিয়ান তুলে ধরে শুভেন্দু অধিকারী বলেন, এই সময়ে সরকারের মূল ভিত্তি ছিল লোকসেবা, সশক্তিকরণ, রাষ্ট্রনির্মাণ এবং ঐতিহ্য বজায় রাখার পাশাপাশি দেশকে এগিয়ে নিয়ে যাওয়া। এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী, স্বচ্ছ ভারত অভিযান, আবাস যোজনা, জল জীবন মিশন সহ বিভিন্ন প্রকল্পের উল্লেখ করেন।

( বাইট - শুভেন্দু)

তিনি আরো বলেন, প্রধানমন্ত্রীর গৃহীত উদ্যোগের ফলে, ভারত বিশ্বকে নেতৃত্ব দিতে কয়েক ধাপ এগিয়ে গেছে। ১২বছরের সেবা ও সুশাসন দেশের দরিদ্র, কৃষক, যুব সমাজ ও মহিলা সহ প্রতিটি মানুষের জীবনে পরিবর্তন এনেছে। ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ে তোলার স্বপন সাকার হবে এবং তার সফল রূপায়ণের জন্য প্রত্যেক দেশবাসীকে কাজ করার আহ্বান জানান  মুখ্যমন্ত্রী।

***********************

রাজ্যে সীমান্ত এলাকায়, BSF-কে জমি হস্তান্তর ও কাঁটাতারের বেড়া দেওয়ার কাজ শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, সব জমি সরকারের হাতে নেই। তাই জমির মালিকের কাছ থেকে ন্যায্য মূল্যে জমি কিনে কেন্দ্রকে হস্তান্তর করা হচ্ছে। মানুষ নিজে থেকেই ন্যায্য মূল্যে জমি বিক্রি করছে বলে মুখ্যমন্ত্রী জানান।

রাজ্য সরকার, টাটা গোষ্ঠীকে পুনরায় পশ্চিমবঙ্গে ফিরিয়ে আনবে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, তবে তারা সিঙ্গুরেই আসবে কিনা, তা' এখনো স্পষ্ট নয়। কারণ সিঙ্গুরের ওই জমি বর্তমান সরকারের হাতে নেই। পূর্বতন সরকার মালিকদের সেই জমি ফিরিয়ে দিয়েছে। কিন্তু ওই জমির চরিত্র বদলে যাওয়ায়, সেখানে ফসলের চাষ ও পুকুর কেটে মৎস মাছ চাষের চেষ্টা করা হলেও তা সফল হয়নি।

( বাইট- শুভেন্দু )

মুখ্যমন্ত্রী আরো জানান, রাজ্যে শিল্প গড়ে তোলার জন্য তা ঁর কাছে বেশ কয়েকটি প্রকল্পের প্রস্তাব এসেছে। সেগুলি খতিয়ে দেখার জন্য শিল্প সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে।

************************

বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, উত্তরবঙ্গের মালদায় এক প্রশাসনিক বৈঠক করেন। সেখানে উপস্থিত ছিলেন, মালদা ছাড়াও দুই দিনাজপুর এবং মুর্শিদাবাদের প্রশাসনের শীর্ষ কর্তা, বিধায়ক ও সাংসদরা।

প্রশাসনিক বৈঠকে যোগ দেওয়ার আগে মুখ্যমন্ত্রী, জেলা বিজেপির সদর কার্যালয়ে যান। সেখানে তাঁকে স্বাগত জানান রাজ্যের প্রতিমন্ত্রী জোয়েল মুর্মু, ইংরেজবাজারের বিধায়ক অম্লান ভাদুড়ি প্রমুখ। মুখ্যমন্ত্রী সেখানে শ্যামাপ্রসাদ মুখার্জির মূর্তিতে মাল্যদান করে দলীয় কর্মকর্তাদের সঙ্গে সংক্ষিপ্ত বৈঠক করেন।

************************

দক্ষিণ ২৪ পরগনার ফলতা এবং হুগলির চন্ডীতলা বিধানসভা কেন্দ্রের জয়ী প্রার্থীরা আজ বিধানসভায় শপথ নিয়েছেন। ফলতা র নবনির্বাচিত বিধায়ক দেবাংশু পন্ডা এবং চন্ডিতলা কেন্দ্রের জয়ী প্রার্থী স্বাতী খন্দকার কে শপথ বাক্য পাঠ করান অধ্যক্ষ রথীন্দ্রনাথ বসু। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্পমন্ত্রী তাপস রায়।

***********************

পর্যটন মন্ত্রী ডক্টর শঙ্কর ঘোষ বলেছন, রাজ্যের পর্যটন ব্যবস্থাকে অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান, বিনিয়োগ এবং ঐতিহ্য সংরক্ষণের অন্যতম প্রধান চালিকা শক্তিতে পরিণত করা হবে তাঁর প্রধান লক্ষ্য । আজ পর্যটন দপ্তরের দায়িত্ব নেওয়ার পর কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন,এরাজ্যকে পর্যটনের অন্যতম শীর্ষ গন্তব্য হিসেবে প্রতিষ্ঠা করা এবং দেশি বিদেশি পর্যটক আগমনের সংখ্যা সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হচ্ছে। সমাজের সকল শ্রেণীর মানুষ যাতে বিভিন্ন জায়গায় বেড়াতে যেতে পারেন সেই উদ্দেশ্যে সবার জন্য পর্যটন, সবার জন্য সুযোগ এই দ্বিমুখী কৌশল গ্রহণ করা হবে। এর পাশাপাশি বিশ্বমানের পর্যটন পণ্য, উন্নত পরিকাঠামো, ডিজিটাল প্রচার এবং একটি টেকসই পর্যটন নীতির মাধ্যমে নতুনভাবে বিশ্বের দরবারে রাজ্যকে তুলে ধরা হবে।

( বাইট- শঙ্কর ঘোষ )

***********************

উত্তরবঙ্গের গ্রামীণ উন্নয়ন,পঞ্চায়েত পরিকাঠামো এবং পাহাড়ি এলাকার প্রশাসনিক ব্যবস্থাকে শক্তিশালী করতে, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ একগুচ্ছ গুরুত্বপূর্ণ ঘোষণা করেছেন। তিনি আজ শিলিগুড়িটে উত্তরবঙ্গের বিভিন্ন জেলার প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। দার্জিলিং,কালিম্পং,জলপাইগুড়ি,আলিপুরদুয়ার ও কোচবিহারের জেলাশাসক,বিডিও এবং সংশ্লিষ্ট আধিকারিকদের উপস্থিতিতে অনুষ্ঠিত বৈঠকে আবাস যোজনা,স্বচ্ছ ভারত মিশন,গ্রামীণ সড়ক নির্মাণ, পানীয় জল সহ উন্নয়নমূলক প্রকল্প নিয়ে বিস্তারিত

আলোচনা হয়। বৈঠকের পর তিনি জানান, দীর্ঘদিন ধরে আটকে থাকা একাধিক কেন্দ্রীয় প্রকল্পের জন্য ইতমধ্যেই ১’হাজার ৭০০ কোটি টাকা রাজ্যের হাতে এসেছে। এর মধ্যে প্রায় ৭০০কোটি টাকার প্রকল্পের কাজ শুরু হয়ে গেছে। বাকি কাজও শুরু হবে। দ্রুত সমস্ত উন্নয়নের কাজ বাস্তবায়িত হবে বলেও উল্লেখ করেন দিলীপবাবু। পঞ্চায়েত স্তরে কর্মী সংকটের বিষয়টিও ছিল বৈঠকে আলোচ্যসূচীতে। জমির পাট্টা প্রদান, জব কার্ডভোগীদের বকেয়া অর্থপ্রদান নিয়েও ইতিবাচক বার্তা দেন পঞ্চায়েত মন্ত্রী।

এর আগে জলপাইগুড়ির ধুপঝোড়া বিটের গাছবাড়িতে আজ সকালে সস্ত্রীক হাতি সাফারি করেন রাজ্যের পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ।

***********************

বিধানসভা নির্বাচনের আগে উস্কানিমূলক বক্তব্যের অভিযোগে, প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে হেয়ার স্টিট থানায় অভিযোগ দায়ের হয়েছে। এক ব্যবসায়ীর দায়ের করা অভিযোগে উল্লেখ করা হয়েছে, ভোটের আগে রানী রাসমণি অ্যাভেনিউ-এ এক সভায় তৃণমূল কংগ্রেস নেত্রী একটি নির্দিষ্ট সম্পদায়ের বিরুদ্ধে যে মন্তব্য করেন, তা’ রীতিমত প্ররোচনামূলক। ভোটের আগে এই ধরণের বক্তব্য, ‘উস্কানিমূলক’ বলেও অভিযোগ করেছেন ওই ব্যবসায়ী। মমতার বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার তিনটি ধারায় মামলা রুজু হয়েছে।

উল্লেখ্য, বিতর্কিত মন্তব্যের জন্য এর আগেও শিলিগুড়ি সহ বিভিন্ন থানায় ওভিযোগ দায়ের হয়।

***********************

সিআইডির আধিকারিকরা আজ আবারও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে যান। কিন্তু তিনি তখন সেখানে ছিলেন না।

এদিন সন্ধ্যা সাতটা কুড়ি মিনিট নাগাদ কালীঘাটে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সঙ্গে বৈঠক সেরে নিজের বাড়িতে ফেরেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। বাড়িতে ফিরে তিনি জানতে পারেন, তাঁকে না পেয়ে সিআইডি আধিকারিকরা ফিরে যান।

এরপর সাংবাদিকদের মুখোমুখি হয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, সিআইডি যদি আগে থেকে তাঁকে জানিয়ে আসত, তাহলে তিনি বাড়িতে উপস্থিত থাকতে পারতেন।

পরে সন্ধ্যা সাতটা সাঁইত্রিশ মিনিট নাগাদ ফের অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কালীঘাট রোডের বাড়িতে পৌঁছয় সিআইডির তদন্তকারী দল। এ বার তাঁদের হাতে ছিল আদালতের জারি করা সমন।

***********************

রাজ্যের প্রাক্তন মন্ত্রী ইন্দ্রনীল সেন গ্রেফতারির আশঙ্কায় কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হয়েছেন। আগাম জামিনের আবেদন জানিয়ে বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে মামলা দায়ের করেছেন ইন্দ্রনীলের আইনজীবী।
আদালত সুত্রে জানা যাচ্ছে, আগামী ১৭ জুন এই মামলার শুনানি হবে।
উল্লেখ্য প্রাক্তন মন্ত্রীর বিরুদ্ধে প্রতারণার অভিযোগে এফআইআর দায়ের হয়েছে বউবাজার থানায়। তার পরিপ্রেক্ষিতেই আগাম জামিন চেয়ে হাই কোর্টে মামলা করেছেন তিনি ।

***********************

শিক্ষক নিয়োগ দুর্নীতিটে ED-র মামলায় **মিডলম্যান প্রসন্ন কুমার** রায়কে শর্ত সাপেক্ষে জামিন মঞ্জুর করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি জয় সেনগুপ্ত জানিয়েছেন, এই ঘটনায় মূল অভিযুক্ত প্রাক্তন মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় ইতমধ্যেই সুপ্রিমকোর্ট-এ জামিন পেয়েছেন। নিম্ন আদালতে এক লক্ষ টাকার ব্যাক্তিগত বণ্ডে তাকে জামিন দেওয়া হয়। এর ফলে তিনি জেল থেকে মুক্তি পেতে চলেছেন। তবে শর্ত হিসেবে সপ্তাহে একদিন তদন্তকারী আধিকারিকের সঙ্গে সাক্ষাৎ করতে হবে তাকে।
উল্লেখ্য, প্রসন্ন কুমার রায় আগেই CBI-এর মামলায় জামিন পেয়েছিলেন। আজকে ইডির মামলায় তার জামিন মঞ্জুর হল।

***********************

মুর্শিদাবাদের **বেলডাঙার** ঘটনায় জাতীয় তদন্তকারী সংস্থা- NIA-কে হস্তান্তরের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে যে মামলা হয়েছিল রাজ্যের বর্তমান বিজেপি সরকার তা' প্রত্যাহার

করে নিল। এর ফলে বেলডাঙার ওই মামলায় আর কোনো বাধা রইল না। তবে, বেআইনী কার্যকলাপ প্রতিরোধ আইন বা UAPA, তদন্তের ক্ষেত্রে কার্যকর হবে কিনা তা নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে হাইকোর্ট। NIA-কে দশ দিনের মধ্যে এব্যাপারে একটি সাপ্লিমেন্টারি বা পরিপূরক রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। ওই রিপোর্টে জানাতে হবে, তাদের হাতে এসংক্রান্ত কি কি তথ্য–প্রমাণ রয়েছে। মামলার পরবর্তী শুনানি ৩০শে জুন।

************************

পশ্চিমবঙ্গ দিবসের অনুষ্ঠানে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কুড়ি তারিখ রাজ্যে আসছেন। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, হুগলির তারকেশ্বরে পশ্চিমবঙ্গ দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন।

************************

প্রধানমন্ত্রী আবাস যোজনার ঘর পাইয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে জনসাধারণের কাছ থেকে হাজার হাজার টাকা নেওয়ার অভিযোগকে কেন্দ্র করে উত্তর দিনাজপুরের রায়গঞ্জের তুষলীপাড়া এলাকা উত্তপ্ত হয়ে উঠে। অভিযুক্ত এক প্রাক্তন তৃণমূল নেত্রীর বাড়ির সামনে জড়ো হয়ে টাকা ফেরতের দাবিতে বিক্ষোভে সামিল হন গ্রামবাসীরা। তাঁদের অভিযোগ, এলাকার বহু দরিদ্র পরিবারের কাছ থেকে ২০ হাজার থেকে ৩০ হাজার টাকা পর্যন্ত নেওয়া হয়েছিল। দীর্ঘদিন কেটে গেলেও তারা আবাস যোজনার ঘর পাননি, এমনকি ফেরত দেওয়া হয়নি টাকাও।

অভিযুক্ত প্রাক্তন নেত্রীর দাবি, তাঁর বিরুদ্ধে অভিযোগ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। তিনি কারো কাছ থেকেই টাকা নেননি। অন্যদিকে শাসক দলের পক্ষ থেকে অভিযোগের সত্যতা যাচাইয়ের পরই প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার কথা বলা হয়েছে।

************************

বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগে আজ পূর্ব বর্ধমানের বর্ধমান-২ নম্বর ব্লকের বড়শূল ২ নং গ্রাম পঞ্চায়েত প্রধানকে ঘেরাও করে বিক্ষোভ দেখান গ্রামবাসীরা। পুলিশ ঘটনাস্থলে গেলে, বিক্ষোভকারীদের সংগে তাঁদের বচসা ও ধস্তাধস্তি হয়। পরিস্থিতি

উত্তপ্ত হয়ে ওঠায় পঞ্চায়েত প্রধান রমেশ সরকারকে নিরাপদে সেখান থেকে বের করে আনার চেষ্টা করে পুলিশ। তাঁকে হেলমেট পড়িয়ে গাড়িতে তোলা হয়। উত্তেজিত জনতা গাড়ি  লক্ষ্য করে ইঁট ছুঁড়তে শুরু করে। ইঁটের আঘাতে ক্ষতিগ্রস্ত হয় পুলিশের একটি গাড়ি। বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করতে পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনী মৃদু লাঠিচার্জ করে বলে অভিযোগ উঠেছে।

**********************

রাজ্যের অধিকাংশ এলাকায় আজ দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশ করেছে। পুরুলিয়ার কিছু অংশ বাদে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই প্রবেশ করেছে বর্ষা। তবে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু খুব একটা শক্তিশালী না হওয়ায়, আগামী এক সপ্তাহ দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন। উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে অবশ্য ভারী বৃষ্টির সম্ভাবনা।

********************************************************************